গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ
দোয়ারাবাজার, সুনামগঞ্জ।
www.dowarabazar.sunamganj.gov.bd

| | |
|---|---|
| বিষয় | ঃ আইন শৃংখলা বিষয়ক কমিটির সভার কার্যবিবরণী। |
| সভার তারিখ | ঃ ৩১ আগস্ট, ২০২১ খ্রিঃ । |
| সময় | ঃ বেলা ১০.০০ ঘটিকা। |
| সভার স্থান | ঃ উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যানের কার্যালয়, দোয়ারাবাজার, সুনামগঞ্জ। |
| সভাপতি | ঃ মোঃ রফিকুল ইসলাম, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দোয়ারাবাজার, সুনামগঞ্জ। |

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক' তে দ্রষ্টব্য।

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত ও শুভেচ্ছা জ্ঞাপন করেন। অতঃপর থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা সভাপতির অনুমতিক্রমে বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনান। উক্ত কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা, দোয়ারাবাজার বলেন বিচ্ছিন্ন ছোট খাট কিছু ঘটনা ছাড়া সার্বিকভাবে দোয়ারাবাজার উপজেলার আইন শৃংখলার পরিস্থিতি বর্তমানে ভাল অবস্থায় রয়েছে। মদ ও গাজা যেসব জায়গায় বিক্রি করা হয় সেসব জায়গার তথ্য দিলে অভিযান চালিয়ে ঐসব ব্যবসায়ীদের গ্রেপ্তার করা হবে মর্মে তিনি জানান। উপজেলার সব এলাকায় জমি সংক্রান্ড় সমস্যা রয়েছে। থানায় আসলে আপোষের মাধ্যমে মিমাংসা করে দেওয়ার চেষ্ঠা করেন বলে তিনি জানান। তিনি আরও জানান বিভিন্ন বাজারগুলোতে রাত্রে জুয়ার আসর বসে, কিন্তু সংবাদ না পাওয়ার কারণে ব্যবস্থা নিতে পারছেন না।

ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দোয়ারাবাজার বলেন উপজেলার যানবাহন চালকদের ট্রাফিক আইন সম্পর্কে তেমন ধারণা না থাকায় প্রতিনিয়ত দূর্ঘটনা ঘটছে। তিনি নিরাপদ সড়কের জন্য যানবাহন চালকদের ট্রাফিক আইন এবং মোটরযান আইন বিষয়ক প্রশিক্ষণ আয়োজনের প্রস্ড়াব করেন।

সিদ্ধান্ত ঃ

| ক্রমিক নং | প্রকল্পের নাম | মন্ড়ব্য |
|---|---|---|
| ০১ | উপজেলার সবগুলো বাজারের সভাপতি ও সাধারণ সম্পাদককে নিয়ে উপজেলা পর্যায়ে একটি সভা এবং চুরি ও ডাকাতি রোধে প্রয়োজনী ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা পরিষদকে সুপারিশ করা হয়। | |
| ০২ | নিরাপদ সড়কের জন্য যানবাহন চালকদের ট্রাফিক আইন এবং মোটরযান আইন বিষয়ক প্রশিক্ষণ আয়োজনের প্রয়োজনী ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা পরিষদকে সুপারিশ করা হয়। | |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্ত ঘোষণা করেন।

৩১.০৮.২১

( মোঃ রফিকুল ইসলাম )
সভাপতি
আইন শৃংখলা বিষয়ক কমিটি ও
ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ
দোয়ারাবাজার, সুনামগঞ্জ।
তারিখঃ- ৩১/০৮/২০২১ খ্রিঃ।

স্মারক নং- সুনাম/দোয়ারা/উপকা/ন১৩/২০-১৪৭
অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো ঃ
১। পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, সিলেট।
২। উপ-পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, সুনামগঞ্জ।
অনুলিপি সদয় কাযার্থে ঃ
৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দোয়ারাবাজার, সুনামগঞ্জ।
৪। উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার, সুনামগঞ্জ।
৫। উপজেলা ..................................................অফিসার (সংশি- ষ্ট বিভাগ), দোয়ারাবাজার, সুনামগঞ্জ।
৬। চেয়ারম্যান, ..............................................ইউ/পি (সকল), দোয়ারাবাজার, সুনামগঞ্জ।
৭। সংরক্ষণ নথি।

31.08.21
থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা
দোয়ারাবাজার, সুনামগঞ্জ ও
সদস্য সচিব
আইন শৃংখলা বিষয়ক কমিটি